



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৩-১১-২০২০

শোক সংবাদ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সাবেক সহ-সভাপতি, জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের খেলোয়াড়, ঢাকা মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ এর নির্ভরযোগ্য প্রাক্তন খেলোয়াড়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্রু, বিজিএমইএ এর সাবেক পরিচালক শ্রী বাদল রায় গতকাল ২২-১১-২০২০ তারিখ বিকাল ৫.৩৫ ঘটিকায় ধানমন্ডিষ্ট বাংলাদেশ মেডিক্যাল কলেজে ইহলোক ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন যাবৎ বিভিন্ন রোগে আক্রান্ত ছিলেন এবং সর্বশেষ লিভার ক্যান্সারে ভুগছিলেন।

অদ্য ২৩-১১-২০২০ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় শ্রী বাদল রায়-এর মরদেহ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে আনা হয় এবং সেখানে বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ অন্যান্য ক্রীড়া সংগঠন ও ব্যক্তিবর্গ বাদল রায়কে পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। আজ দুপুর ২.০০ ঘটিকায় বাসাবা কালী মন্দির শ্মশানঘাটে তার শেষকৃত্য অনুষ্ঠিত হয়।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।